



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-১১

২৫ এপ্রিল ২০২৩

তারিখ: -----

১২ বৈশাখ ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

## রপ্তানি সহায়ক তহবিল (Export Facilitation Fund) গঠন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০১, তারিখ: ০১ জানুয়ারি ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- উল্লিখিত সার্কুলারের মাধ্যমে বৈশ্বিক বিরূপ অর্থনৈতিক অবস্থার বিপরীতে রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানসমূহকে অধিকতর অভিঘাত সহনশীল করার পাশাপাশি দেশের রপ্তানিমুখী শিল্পের বিকাশ ও প্রসারের চলমান ধারা অব্যাহত রাখার নিমিত্ত এ খাতের জন্য তারল্য পরিস্থিতি সহজতর করার লক্ষ্যে একটি রপ্তানি সহায়ক প্রাক অর্থায়ন তহবিল (Export Facilitation Pre-finance Fund (EFPF)) পরিচালনার জন্য অনুসরণীয় নীতিমালা জারি করা হয়। উক্ত নীতিমালার ৮(ঘ) অনুচ্ছেদে রপ্তানি সহায়ক প্রাক অর্থায়ন তহবিল হতে ঋণ সুবিধা গ্রহণকারী কোন গ্রাহক উক্ত নির্ধারিত রপ্তানির বিপরীতে রপ্তানিমূল্য অপ্রত্যাবাসিত (Overdue Export Bill) থাকলে সংশ্লিষ্ট রপ্তানিকারক এ তহবিলের আওতায় নতুনভাবে আর কোন ঋণ সুবিধা প্রাপ্য হবেন না মর্মে নির্দেশনা প্রদান করা হয়।
- সম্প্রতি লক্ষ করা যাচ্ছে যে, বর্ণিত ঋণ সুবিধা গ্রহণের জন্য ইচ্ছুক গ্রাহক প্রতিষ্ঠানের স্বার্থসংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা একই গ্রুপভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান/কোম্পানির অনুকূলে Export Development Fund (EDF) হতে ঋণ সুবিধা গ্রহণের পর উক্ত রপ্তানিকারককে রপ্তানিমূল্য প্রত্যাবাসিত না হওয়া সত্ত্বেও এ বিভাগ হতে জারিকৃত সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে গঠিত রপ্তানি সহায়ক প্রাক অর্থায়ন তহবিল হতে ঋণ সুবিধা গ্রহণের সুযোগ নেয়া হচ্ছে।
- এক্ষণে এ মর্মে নির্দেশনা দেয়া যাচ্ছে যে, যদি কোন রপ্তানিকারক শিল্প প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানি আদেশের বিপরীতে EDF অথবা EFPF হতে ঋণ সুবিধা গ্রহণের পর রপ্তানিমূল্য অপ্রত্যাবাসিত থাকে সেক্ষেত্রে সংশ্লিষ্ট রপ্তানিকারকের পাশাপাশি উক্ত রপ্তানিকারকের স্বার্থসংশ্লিষ্ট বা একই গ্রুপভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান/কোম্পানি তাদের নতুন রপ্তানি আদেশের বিপরীতে EFPF হতে কোন ঋণসুবিধা প্রাপ্য হবে না।
- উল্লিখিত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।
- ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)  
পরিচালক (বিআরপিডি)  
ফোনঃ ৯৫৩০২৫২